

Times Today BD

আলী হায়দার | দেশজুড়ে | 22 April, 2025

কিশোরগঞ্জের ইটনায় মাছ ধরার মত তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে আপন চাচার হাতে ভাতিজা খুনের ঘটনা ঘটেছে।

সোমবার (২১ এপ্রিল) সন্ধ্যায় ইটনা উপজেলার চৌগাংগা ইউনিয়নে এ ঘটনা ঘটে। নিহত মোকারিম মিয়া (১৬) চৌগাংগা ইউনিয়নের বিরারভিটা গ্রামের ফারুক মিয়ার ছেলে।

স্থানীয় সুত্রে জানা যায়, উপজেলার চৌগাংগা ইউনিয়নের বিরার ভিটা গ্রামে মাছ ধরাকে কেন্দ্র করে চাচা ভাতিজার মধ্যে ঝগড়া হয়। এক পর্যায়ে চাচা বাবুল এবং তার ছেলে মনির মিয়াসহ পরিবারের লোকজন মোকারিম মিয়াকে ছুরিকাঘাত করলে গুরুতর আহত হয়। এসময় স্থানীয়রা তাকে উদ্ধার চিকিৎসার জন্য কিশোরগঞ্জ নেওয়ার পথে তার মৃত্যু হয়।

নিহত মোকারিমের অপর চাচা মোঃ হারুন মিয়া জানান, মাছ ধরা নিয়ে ঝগড়া হয় তারপর বাবুল, মনির ধারালো ছুরি দিয়ে আঘাত করে মোকারিম কে হত্যা করেছে। আমি ফেরাতে গিয়ে আহত হয়েছি। আমরা বাবুল, মনিরের শাস্তি চাই।

চৌগাংগা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাইফুল ইসলাম জানান, পারিবারিক তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে মারামারিতে একজন মারা গেছে। ঘটনা শুনে তাদের বাড়িতে এসেছি।

ইটনা থানার অফিসার ইনচার্জ মোঃ জাফর ইকবাল ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, অভিযোগের ভিত্তিতে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:43

URL: <https://timestodaybd.com/across-the-country/1237775807>